

১২ ক্যাডেট কলেজের নয়টিতেই শতভাগ জিপিএ-৫

■ ইত্তেফাক রিপোর্ট

এসএসসি পরীক্ষায় ভালো ফলাফলের ধারাবাহিকতা বজায় রেখেছে ক্যাডেট কলেজগুলো। নয়টি ক্যাডেট কলেজের সব পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। বরাবরের মতো এবারও আটটি সাধারণ বোর্ডে প্রথম স্থানে রয়েছে তিনটি ক্যাডেট কলেজ। বরিশাল বোর্ডে প্রথম স্থান লাভ করেছে বরিশাল ক্যাডেট কলেজ। যশোর বোর্ডে বরাবরের মতো প্রথম স্থান ধরে রেখেছে কিনাইদহ ক্যাডেট কলেজ। সিলেট বোর্ডে প্রথম স্থান পেয়েছে সিলেট ক্যাডেট কলেজ।

এসএসসি-সমন্বিত পরীক্ষায় ৮টি সাধারণ বোর্ড থেকে এবারও দেশের ১২টি ক্যাডেট কলেজ এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। বোর্ডগুলো থেকে প্রকাশিত এবারের ফলাফলে দেখা গেছে, চট্টগ্রাম বোর্ডে জৌজদারহাট ক্যাডেট কলেজ তৃতীয় স্থান অর্জন করেছে। এ কলেজ থেকে ৫৫ পরীক্ষার্থীর সবাই জিপিএ-৫ পেয়েছে। বরিশাল ক্যাডেট কলেজের ৫৫ পরীক্ষার্থীর সবাই জিপিএ-৫ পেয়ে বরিশাল বোর্ডে প্রথম স্থান লাভ করেছে। যশোর বোর্ডে প্রথম স্থান ধরে রেখেছে কিনাইদহ ক্যাডেট কলেজ। এ কলেজ থেকে এবারের পরীক্ষায় ৪৬ পরীক্ষার্থী অংশ নিয়ে সবাই জিপিএ-৫ পেয়েছে। সিলেট বোর্ডে প্রথম স্থান পেয়েছে সিলেট ক্যাডেট কলেজ। ৫৪ শিক্ষার্থীর সবাই পেয়েছে জিপিএ-৫। রাজশাহী বোর্ডে সেরা ১০-এর মধ্যে ষষ্ঠ স্থানে রয়েছে পাবনা ক্যাডেট কলেজ ও তৃতীয় স্থানে রাজশাহী ক্যাডেট কলেজ। পাবনা ক্যাডেট কলেজের ৪৮ শিক্ষার্থী এবং রাজশাহী ক্যাডেট কলেজ থেকেও ৫৬ জনের সবাই জিপিএ-৫ পেয়েছে। কুমিল্লা বোর্ডে তৃতীয় স্থানে রয়েছে ফেনী গার্লস ক্যাডেট কলেজ। এ কলেজের ৫৯ শিক্ষার্থীর সবাই জিপিএ-৫ পেয়েছে। চতুর্থ স্থানে রয়েছে কুমিল্লা ক্যাডেট কলেজ। এ কলেজেরও ৪৯ জনের সবাই জিপিএ-৫ পেয়েছে। দিনাজপুর বোর্ডে দ্বিতীয় স্থানে থাকে রংপুর ক্যাডেট কলেজের ৫৩ পরীক্ষার্থীর সবাই জিপিএ-৫ পেয়েছে।